আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু তাদের কাছে সূরা ইনশিকাক তিলাওয়াত করলেন। তিনি এতে সিজদা দিলেন। অতপর সিজদা শেষে তিনি বললেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ সূরা তিলাওয়াত করে সিজদা দিয়েছেন।

আবূ রাফি থেকে বর্ণিত, তিনি বলেন, আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু তাদের কাছে সূরা ইনশিকাক তিলাওয়াত করলেন। তিনি এতে সিজদা দিলেন। অতপর সিজদা শেষে তিনি বললেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ সূরা তিলাওয়াত করে সিজদা দিয়েছেন। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

বর্ণনা করা হয যে, আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু সূরা ইনশিকাক তিলাওয়াত করার সময় এ আয়াত পাঠকালে সিজদা করেন “আর যখন তাদের কাছে কুরআন তিলাওয়াত করা হয় তখন তারা সিজদা করে না।” [সূরা আল-ইনশিকাক, আয়াত: 21] তাকে বলা হলো, অর্থাৎ আবূ রাফি রাদিয়াল্লাহু ‘আনহু এ সূরাতে সিজদা করার ব্যাপারে দ্বিমত পোষণ করেন। যেমন আবূ রাফি রাদিয়াল্লাহু ‘আনহু থেকে অন্য বর্ণনায় রয়েছে, তিনি বলেছেন, আমি বললাম এটি কিসের সিজদা? তিনি এ সূরাতে সিজদা দেওয়া অস্বীকার করেছেন; কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত আছে যে, “তিনি মদীনায় হিজরত করার পরে মুফাসসাল সূরাতে সিজদা করেন নি।” তখন আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু বললেন, “আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এ সূরাতে সিজদা করতে না দেখলে আমিও কখনো সিজদা করতাম না।” অর্থাৎ তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অনুসরণে সিজদা করেছেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/11237